

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-১ শাখা,
www.moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৯৪.১৩.০০৩৫.২১.২৫২

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

জনাব একেএম শহিদুর রহমান, বিপিএম, পিপিএম, এনডিসি (বিপি-৬৫৯১০২০৯৩৯), অতিরিক্ত আইজিপি (গ্রেড-১), মহাপরিচালক, র‌্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা-এর জন্ম তারিখ ০১-১০-১৯৬৫ খ্রিঃ। সেপ্রেস্কিতে তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে গত ৩০.০৯.২০২৪ খ্রি. তারিখ সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী তাকে সরকারি চাকরি হতে অবসর গ্রহণের জন্য ধার্য ছিল। কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয় হতে গত ১০-৮-২০২৪ খ্রি. তারিখের প্রজ্ঞাপনমূলে অবসর-উত্তর সুবিধাদি স্থগিতের শর্তে ০১ অক্টোবর ২০২৪ হতে অথবা যোগদানের তারিখ থেকে পরবর্তী ০১ (এক) বছর অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয় এবং পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ৩১.১০.২০২৫ তারিখের প্রজ্ঞাপনমূলে পূর্বের চুক্তির ধারাবাহিকতায় ০১.১০.২০২৫ তারিখ হতে ১৫.০৩.২০২৬ তারিখ পর্যন্ত অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক পদে চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ বর্ধিত করা হয়।

২। উক্ত কর্মকর্তার চুক্তিভিত্তিক নিয়োগ গত ১৫.৩.২০২৬ খ্রি. তারিখ শেষ হওয়ায় তার অনুকূলে ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পসুমটসহ ১৬.৩.২০২৬ খ্রি. তারিখ হতে ১৫.০৩.২০২৭ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৬-০৪-২০২৬

তৌছিফ আহমেদ

উপসচিব

ইমেইল : police1@moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৯৪.১৩.০০৩৫.২১.২৫২/১ (৯)

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। সিনিয়র সচিব/সচিব,
- ৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৬। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস।
- ৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। জনাব, এবং
- ৯। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



A handwritten signature in black ink, appearing to be in Bengali script.

০৬-০৪-২০২৬
তৌছিফ আহমেদ
উপসচিব